Bangladesh Securities and Exchange Commission
Enforcement Division
Enforcement Department
Issuer Companies Affairs Section
www.sec.gov.bd

নং-বিএসইসি/এনফোর্সমেন্ট/৩৮০৫/২০২৪/১১০৩(১) তারিখঃ ২৮ সেপ্টেম্বর, ২০২৫ ইং

**ACACIA SRIM Ltd.**
Chandiwala Mansion (5th Floor)
House No. 32, Road No. 11
Block No. G, Banani, Dhaka-1213.

**বিষয়: আদেশ।**

কমিশনের আদেশ নং- বিএসইসি/এনফোর্সমেন্ট/৩৮০৫/২০২৪/১১০৩ তারিখ: ২৮ সেপ্টেম্বর, ২০২৫ এর সত্যায়িত অনুলিপি আপনার অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের পক্ষে,

28/09/2025

রবিউল ইসলাম
সহকারী পরিচালক (এনফোর্সমেন্ট)
টেলিফোন নাম্বার: +৮৮ ০২-৫৫০০৭১৩১-২
ই-মেইল: rabiul@sec.gov.bd

**অবগতির জন্য অনুলিপি:**

১। চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বিএসইসি।
২। পিও টু কমিশনার (এনফোর্সমেন্ট) বিএসইসি ।
৩। পিও টু নির্বাহী পরিচালক (এনফোর্সমেন্ট) বিএসইসি।
৪। পিও টু নির্বাহী পরিচালক (এমআইএস) বিএসইসি।
৫। পিও টু নির্বাহী পরিচালক (এমআইএডি) বিএসইসি।
৬। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা স্টক এক্সচেঞ্জ পিএলসি।
৭। **Ist ACACIA SRIM SME Growth Unit Fund,** Chandiwala Mansion (5th Floor), House No. 32, Road No. 11, Block No. G, Banani, Dhaka-1213.
৮। **ACACIA SRIM Balanced Unit Fund,** Chandiwala Mansion (5th Floor), House No. 32, Road No. 11, Block No. G, Banani, Dhaka-1213.
৯। **Sentinel Trustee and Custodian Services Ltd.** Chandiwala Mansion (5th Floor), House No. 32, Road No. 11, Block No. G, Banani, Dhaka-1213.

Bangladesh Securities and Exchange Commission
Enforcement Division
Enforcement Department
Issuer Companies Affairs Section
www.sec.gov.bd

নং-বিএসইসি/এনফোর্সমেন্ট/৩৮০৫/২০২৪/১১০৩ তারিখঃ ২৮ সেপ্টেম্বর, ২০২৫ ইং

## আদেশ

যেহেতু, Securities and Exchange Ordinance, 1969 এর Section 2 (cc) মোতাবেক কমিশন অর্থ বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন যা বাংলাদেশ সিকিউরিজি অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩-এর অধীনে গঠিত;

যেহেতু, সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচ্যুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১ এর ধারা ২(ধ) মোতাবেক ACACIA SRIM Ltd. একটি সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী;

যেহেতু, সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন(মিউচ্যুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১ এর বিধি ৩৩(৩) মোতাবেক ‘‘সম্পদ ব্যবস্থাপক উহার প্রতিটি হিসাব বৎসরের নিরীক্ষিত হিসাব, হিসাব বৎসর শেষ হইবার তিন মাসের মধ্যে, কমিশন, ট্রাস্টি ও হেফাজতকারীর নিকট দাখিল করিবে।’’

যেহেতু, সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন(মিউচ্যুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১ এর বিধি ৩৩(৩) মোতাবেক ACACIA SRIM Ltd. জুন ৩০, ২০২৩ সমাপ্ত বছরের নিরীক্ষিত আর্থিক বিবরণী নির্ধারিত সময়ের মধ্যে দাখিল করতে ব্যর্থ হয়েছে;

উল্লিখিত নিয়ম অনুসারে, একটি সম্পদ ব্যবস্থাপনা কোম্পানিকে তার আর্থিক বছরের শেষ থেকে তিন (০৩) মাসের মধ্যে তার নিরীক্ষিত আর্থিক বিবরণী জমা দিতে হবে। রেকর্ড অনুযায়ী, ACACIA SRIM Ltd. আর্থিক বছর শেষ হওয়ার প্রায় বারো (১২) মাস পরে ০৯ জুন, ২০২৪ -এ ৩০ জুন, ২০২৩ সমাপ্ত বছরের জন্য তার নিরীক্ষিত আর্থিক বিবরণী জমা দিয়েছে। এই দাখিলটি নির্ধারিত সময়সীমার বাইরে নয় (০৯) মাস অতিক্রান্ত হয়েছে, যার ফলে উল্লিখিত নিয়মের স্পষ্ট লঙ্ঘন হয়েছে।

যেহেতু, উর্পযুক্ত আলোচ্য বিষয়ে আইন ভঙ্গের কারণে কমিশনের এনফোর্সমেন্ট বিভাগ র্কতৃক মার্চ ২৬ মে, ২০২৫ তারিখ নং-বিএসইসি/এনফোর্সমেন্ট/৩৮০৫/২০২৪/৭৩৪ স্মারকমূলে ACACIA SRIM Ltd.-কে ১৬ জুন, ২০২৫ তারিখে কারণ প্রর্দশনসহ শুনানীতে উপস্থতি হতে বলা হয়। শুনানীতে উপস্থিত হয়ে কোম্পানীর পক্ষে Mr. Ganesh Roy, Compliance Officer (Current Charge) ও Mr. Mohammad Mostofa Al Touhid, Manager, Acc. & Fin. ১৬ জুন ২০২৫ তারিখে পত্রের মাধ্যমে নিম্নলিখিত বক্তব্য দাখিল করেন;

> ``I write in reference to your letter dated 26.05.2025 bearing Ref: BSEC/Enforcement/3805/2024/734, issued by your office in connection with the delayed submission of the Audited Financial Statements of the Company for the financial year ended 30.06.2023. At the outset, we express our sincere regret for the non-compliance with the relevant securities laws regarding timely submission of financial disclosures.
>
> While we acknowledge the lapse, we respectfully place below the circumstances that led to the delay, in order to assist your office in appreciating the genuine and unavoidable nature of the situation.
>
> 1. Regulatory Enquiry and Document Submission Requirements:
> On 12.10.2023, our Company received an official letter from your esteemed Commission bearing Ref: BSEC/SMMID/AMC/2021/705-1, initiating an enquiry into certain matters related to our operations. In compliance with the said directive, the management undertook immediate efforts to collect, compile, and submit a substantial volume of documentation and records to your office. This documentation process, due to its extensive nature and the need for thorough accuracy, took significant time and effort. We ultimately completed the submission process by 30.11.2023. The parallel demands of the enquiry and regular operations imposed considerable pressure on our limited resources, thereby impacting our capacity to finalize the statutory audit within the prescribed timeframe.
>
> 2. Change of Statutory Auditor and Associated Delays:
> For the three consecutive preceding financial years, the statutory audit of our financial statements was conducted by M/s Kazi Zahir & Co., Chartered Accountants. In 2023, in accordance with sound governance practices and upon resolution of the Board of Directors, it was decided that a different audit firm would be appointed to ensure audit independence and fresh perspective.

However, before the newly appointed firm could formally commence their work, it was necessary to obtain a no-objection certificate (NOC) from the previous auditor. Unfortunately, the senior partner of the previous audit firm was abroad during this period for health reasons, resulting in an unavoidable delay of approximately two months in obtaining the required NOC. Only after this was received could the new auditors begin their engagement, further contributing to the overall delay in audit completion.

In view of the above, it is most respectfully submitted that the delay in submission was not intentional, but rather a result of circumstances beyond the reasonable control of the Company. At all times, the management remained committed to complying with the applicable regulatory framework and took every reasonable step to mitigate delays where possible.

Accordingly, we earnestly request your kind consideration of the above explanations and seek forgiveness for the delayed submission. We assure your esteemed Commission that enhanced internal controls and compliance monitoring mechanisms have already been implemented to prevent any recurrence of such delay in the future.

We remain committed to upholding the transparency, accountability, and regulatory standards expected by the Bangladesh Securities and Exchange Commission''.

যেহেতু, ACACIA SRIM Ltd. -এর উপর্যুক্ত বক্তব্য ও কমিশনের পর্যবেক্ষণ থেকে প্রতীয়মান হয় যে, তাদের বিরুদ্ধে উপস্থাপিত অভিযোগসমুহ সঠিক সেহেতু এক্ষেত্রে ACACIA SRIM Ltd. -এর ব্যাখ্যা কমিশনের নিকট গ্রহণযোগ্য হিসেবে বিবেচিত হয়নি;

যেহেতু, ACACIA SRIM Ltd. উপর্যুক্ত কর্মকান্ডের মাধ্যমে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচ্যুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১ এর বিধি ৩৩(৩) লংঘন করেছে;

যেহেতু, ACACIA SRIM Ltd. -এর উপর্যুক্ত কর্মকান্ড বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ এর ধারা ১৮ অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ;

যেহেতু, কমিশনের বিবেচনায়, সিকিউরিটিজ আইন ও বিধি-বিধান পরিপালনে আলোচ্য ব্যর্থতার জন্য, পুঁজিবাজারের শৃংখলা, স্বচ্ছতা এবং জনস্বার্থে আলোচ্য ACACIA SRIM Ltd. - কে অর্থদন্ড প্রদান করা প্রয়োজন ও সমীচীন;

অতএব, সেহেতু, কমিশন উল্লিখিত যাবতীয় বিষয় বিবেচনাপূর্বক, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ এর ধারা ১৮ এ প্রদত্ত ক্ষমতাবলে-

- ACACIA SRIM Ltd. - কে ১.০০ (এক) লক্ষ টাকা অর্থদন্ডে দন্ডিত করল এবং উক্ত অর্থদন্ড ACACIA SRIM Ltd.- এর নিজস্ব দায় হিসেবে পরিশোধ করতে হবে, যা অত্র আদেশের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে 'বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন' এর অনুকূলে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে জমা প্রদান করতে হবে, অন্যথায় সিকিউরিটিজ আইন মোতাবেক পরবর্তী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের আদেশক্রমে,

মোঃ আলী আকবর
কমিশনার

বিতরণ:

০১। **ACACIA SRIM Ltd., Chandiwala Mansion (5th Floor), House No. 32, Road No. 11, Block No. G, Banani, Dhaka-1213.**